মাদার তেরেসা স্বর্ণ পদক পেলেন আমিনুর রহমান বাদল

পাবনা পৌরসভার ১নং ওয়ার্ডের
গোবিন্দা মহল্লার বাসিন্দা, জেলা
আওয়ামী যুবলীগের যুগ্ম সাধারণ
আমিনুর রহমান বাদলকে স্বাস্থ্য
খাতে ও সমাজ সেবায় বিশেষ অবদান
রাখার জন্য বাংলাদেশ নারী কল্যাণ
ফাউন্ডেশনের উদ্যোগে মাদার
তেরেসা স্বর্ণপদক দেয়া হয়।

গত ২৩ এপ্রিল বিকাল ৫টায় বাংলাদেশ নারী কল্যাণ ফাউন্ডেশনের আয়োজনে রাজধানী ঢাকার সুত্রাপুর জহির রায়হান সাংস্কৃতিক কেন্দ্রের প্রধান মিলনায়তে এ সম্মাননা প্রদান করা হয়।

নারী কল্যাণ ফাউন্ডেশন এর সভাপতি নজরুল ইসলাম তামিজীর সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিচারপতি সিকদার মকবুল হক, বিচারপতি আলী আসগর খান, বাংলাদেশ আওয়ামীলীগের প্রেসিডিয়াম সদস্য সাবেক মন্ত্রী বাবু সতীশ চন্দ্র রায় ও গণ্যমান্য ব্যক্তিবর্গ।

এ পুরষ্কার পাওয়াতে আমিনুর রহমান বাদলকে এলাকাবাসীর পক্ষ থেকে অভিন্দন ও শুভেচ্ছা জানানো হয়। বিজ্ঞপ্তি